# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

১১৬২৪

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/গাজীপুর-১৩৫/ তারিখঃ ০৬.০৯.~~০৮~~.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ** **তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ স্মারক নম্বর- ৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৫১.১৭/২১৩; তারিখঃ ১১ জুলাই ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন উজলী দিঘীরপাড় গ্রামের বাসিন্দা জনাব এম এ জলিল, পিতা- মৃত মহর আলী এর বিরুদ্ধে বিদ্যমান বিধি বিধান অমান্য করে একই সময়ে ০২টি স্কুল ও ০৫ টি ভিন্ন স্তরের মাদ্রাসার সভাপতি হিসাবে দায়িত্ব পালন করা, ক্ষমতার অপব্যবহার করা, নিয়োগ বানিজ্যসহ বিভিন্ন দূর্নীতির বিষয় উল্লেখ করে টোক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান শরীফ আঃ ওয়াহাদ কর্তৃক শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয় বরাবর অভিযোগ দাখিল করা হয়েছে। দাখিলকৃত অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ..০২..(..দুই..) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩০.৮.১৮

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
কাপাসিয়া, গাজীপুর।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/গাজীপুর-১৩৫/ ৬০৭৯/৭ তারিখঃ ০৬.০৯.~~০৮~~.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, গাজীপুর।
২. জনাব মোঃ আঃ খালেক মিঞা, সহকারী সচিব (মাদ্রাসা-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর।
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

G:\Admin\Shujan\2018\8. August\26.08.2018\Gazi-135

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

২৭ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ

নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৫১.১৭/ ২২৬ তারিখঃ ১১ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ একই ব্যক্তি নিয়ম ও বিধ-বর্হিভূতভাবে একাধিক স্কুল ও মাদ্রাসার সভাপতি হিসেবে বিদ্যমান থাকা বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন জনাব এম. এ জলিল কর্তৃক বিধি-বর্হিভূতভাবে একাধিক শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতির দায়িত্ব পালন করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

(মোঃ আঃ খালেক মিঞা)
সহকারী-সচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বক্শিবাজার, ঢাকা।

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. অফিস কপি।

তারিখঃ

বরাবর,

সচিব মহোদয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শিক্ষা মন্ত্রণালয়, (মাদ্রাসা বিভাগ)

বাংলাদেশ সচিবালয়

ঢাকা-১০০০।

বিষয়ঃ একই ব্যক্তি নিয়ম ও বিধি বহির্ভূতভাবে একাধিক হাইস্কুল ও মাদ্‌রাসার সভাপতি বিদ্যামান থাকা প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, শিক্ষা মন্ত্রণালয়ের নতুন শিক্ষা আইন মোতাবেক একই ব্যক্তি একাদিক হাইস্কুল ও মাদ্‌রাসার ব্যবস্থাপনা কমিটির সভাপতি হওয়া সম্পূর্ণ বিধি বহির্ভূত। কিন্তু এম.এ জলিল, পিতাঃ মৃত-মহর আলী, গ্রামঃ উজলী দিঘীরপাড়, ডাকঘরঃ বীরউজলী, উপজেলাঃ কাপাসিয়া, জেলাঃ গাজীপুর। এলাকাগত প্রভাব এবং ক্ষমতার দাপটে নিয়ম নীতির তোয়াক্কা না করে, বিধিবহির্ভূতভাবে। একাধিক শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগ বানিজ্য করে আসছেন। নিম্নে প্রতিষ্ঠানগুলোর তালিকা দেয়া হলঃ-

## হাইস্কুল

১। ডুমদিয়া উচ্চ বিদ্যালয়, পোঃ ডুমদিয়া, উপজেলাঃ কাপাসিয়া, জেলাঃ গাজীপুর।

২। বীর উজলী উচ্চ বিদ্যালয়, পোঃ বীর উজলী, উপজেলাঃ কাপাসিয়া, জেলাঃ গাজীপুর।

## মাদ্‌রাসা

১। দিঘাব আমান উল্লাহ বালিকা দাখিল মাদ্‌রাসা, পোঃ পাঁচুয়া, উপজেলাঃ কাপাসিয়া, জেলাঃ গাজীপুর।

২। সুলতানপুর মামুনিয়া বালিকা দাখিল মাদ্‌রাসা,পোঃ টোক নয়ন বাজার, উপজেলাঃ কাপাসিয়া, জেলাঃ গাজীপুর।

৩। উজলী দিঘীরপাড় জামেউল উলুম আলিম মাদ্‌রাসা, পোঃ বীর উজলী, উপজেলাঃ কাপাসিয়া, জেলাঃ গাজীপুর।

৪। আড়ালিয়া কেরামতিয়া বহুমখী ফাযিল মাদ্‌রাসা, পোঃ আড়ালিয়া, উপজেলাঃ কাপাসিয়া, জেলাঃ গাজীপুর।

৫। দিঘাব আমজাদিয়া ফাযিল মাদ্‌রাসা, পোঃ পাঁচুয়া, উপজেলাঃ কাপাসিয়া, জেলাঃ গাজীপুর।

অতএব, মহোদয় সমীপে বিনীত আরজ যথাযথ তদন্তপূর্বক উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার একান্ত সু-দৃষ্টি কামনা করছি।

বিনীত নিবেদক

(শরীফ আঃ ওয়াহিদ)
চেয়ারম্যান, টোক ইউনিয়ন পরিষদ
কাপাসিয়া, গাজীপুর।

শরীফ মোঃ ওয়াহিদ
চেয়ারম্যান
টোক ইউনিয়ন পরিষদ
কাপাসিয়া, গাজীপুর।

অনুলিপিঃ-

১। মাধ্যমিক ও উচ্চ ম্যাধমিক শিক্ষা বোর্ড ঢাকা।

২। বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড ঢাকা।

Received